



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৪/০৩/২০১৭খ্রি:

উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাত

বরিশাল বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সুপারিশ এবং সিডিকেটের অনুমোদনক্রমে সদ্য গঠিত ‘বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি’ এর নেতৃবৃন্দ অদ্য ১৪ মার্চ ২০১৭ তারিখ অপরাহ্নে উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন। এসময় বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির চিফ মডারেটর ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়সার, মডারেটর ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান মো. সাখাওয়াত হোসেন, মডারেটর ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক সুনীতি দেবী মন্ডল উপাচার্য মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন। একই সাথে এ ডিবেটিং সোসাইটি গঠনের জন্য তারা উপাচার্য মহোদয়কে ধন্যবাদ জানান। উপাচার্য মহোদয় আশা করেন, এ ডিবেটিং সোসাইটি গঠনের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দক্ষ বিতর্কিক হিসেবে দেশে বিদেশে বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সুনাম বৃদ্ধি করবে।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
(b.university.pro@gmail.com)